দৈনিক খবর

তারিখ ... 19 JUL 1993
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

১৩৭

# জাতীয় ছাত্র সমাজ—এর আত্মপ্রকাশ

।। স্টাফ রিপোর্টার ।।

জাতীয় ছাত্র সমাজ নামে নতুন একটি ছাত্র সংগঠন আত্মপ্রকাশ করেছে। বাংলাদেশী জাতীয়তাবাদ এ সংগঠনটির রাজনৈতিক কর্মকান্ডের মূল ভিত্তি হবে।

গতকাল রোববার ধানমন্ডিস্থ একটি কমিউনিটি সেন্টারে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে নবগঠিত ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ এ কথা বলেন। সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সংগঠনের আহবায়ক রফিকুল ইসলাম রাকিব। সম্মেলনে উপস্থিত ছিলেন ওমর ফারুক কামাল, তৌহিদুর রহমান তৌহিদ, জহিরুল ইসলাম, কামরুল হুদা ও ইকবাল হোসেন।

তারা বলেন, নবগঠিত ছাত্র সমাজ রাজবন্দীদের মুক্তি চায় বলেই এরশাদের মুক্তি চায়। রাজনৈতিক আদর্শ ও বিশ্বাসের দিক থেকে বিএনপি ও জাতীয় পার্টির মধ্যে বিশেষ কোন পার্থক্য নেই। এরশাদের আমলে ছাত্র সংগঠন গড়ে তোলার কোন নৈতিক ভিত্তি ছিল না। কারণ সাবেক রাষ্ট্রপতি এরশাদ আনুষ্ঠানিক ভাষণ দিয়ে ছাত্র সমাজ বিলুপ্ত করেছিলেন। বিলুপ্ত ঘোষণার পূর্বে ও পরে তিনি বিলুপ্ত ঘোষিত ছাত্র সংগঠনের নেতৃবৃন্দের সঙ্গে কোন রকম সৌজন্যমূলক কথা বলেননি। নেতৃবৃন্দ জাতীয় পার্টির ভারপ্রাপ্ত চেয়ারম্যানের বিরুদ্ধে পার্টিকে আওয়ামী বাকশালীকরণের অভিযোগ করেন।